

া কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

কিয়ামতের ভয়াবহতা

যখন মানুষ কবর থেকে উঠে দাড়াবে তাদের বলা হবে, তোমরা আসো তোমাদের প্রতিপালকের কাছে, আর থামো, তোমাদের জিজ্ঞাসাবাদ করা হবে তখন সকল মানুষ হতাশায় আতঙ্কিত হয়ে পড়বে। পরাক্রমশালী এক অদ্বিতীয় প্রভুর সামনে সকলে মাথা নত করে দিবে। তারা সেদিন এ আহবানে সাড়া দিতে দৌড়াদৌড়ি আরম্ভ করে দিবে।

আল্লাহ তা'আলা বলেন,

يُوا مَئِذ يَتَّبِعُونَ ٱلدَّاعِيَ لَا عِوَجَ لَهُ اللَّ وَخَشَعَتِ ٱللَّأَصِاوَاتُ لِلرَّحامِيْنِ فَلَا تَسامَعُ إِلَّا هَماسًا ١٠٨﴾ [طه:﴿ يَوا مَئِذ يَتَبِعُونَ ٱلدَّاعِيَ لَا عِوَجَ لَهُ اللَّا وَخَشَعَتِ ٱللَّأَصاوَاتُ لِلرَّحامِيْنِ فَلَا تَسامَعُ إِلَّا هَماسًا ١٠٨﴾ [طه:﴿

"সেদিন তারা আহ্বানকারীর (ফিরিশতার) অনুসরণ করবে। এর কোনো এদিক সেদিক হবে না এবং পরম করুণাময়ের সামনে সকল আওয়াজ নিচু হয়ে যাবে। তাই মৃদু আওয়াজ ছাড়া তুমি কিছুই শুনতে পাবে না"। [সূরা ত্বাহা, আয়াত: ১০৮]

وَعَنَتِ ٱلسَّوُجُوهُ لِلسَّحَيِّ ٱلسَّقَيُّومِ الْ وَقَدا خَابَ مَن الحَمَل ظُلْامًا ١١١ وَمَن يَعامَل ا مِنَ ٱلصِّلِحُتِ وَهُوَ ﴿ وَعَنَتِ ٱلسَّوْجُوهُ لِلسَّحَيِّ ٱلسَّقَيُّومِ اللَّهِ وَلَا مَن السَّلِحُتِ وَهُوَ ﴿ اللهِ ١١٢ ﴿ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ المُلا اللهُ ال

"আর চিরঞ্জীব, চিরপ্রতিষ্ঠিত সত্তার সামনে সকলেই অবনত হবে। আর সে অবশ্যই ব্যর্থ হবে যে যুলুম বহন করবে। এবং যে মুমিন অবস্থায় ভালো কাজ করবে সে কোনো যুলুম বা ক্ষতির আশংকা করবে না"। [সূরা ত্বাহা আয়াত: ১১১-১১২]

"অতএব তাদেরকে ছেড়ে দাও, তারা (বেহুদা কথায়) মন্ত থাকুক আর খেল-তামাশা করুক যতক্ষণ না তারা দেখা পায় সেদিনের, যার প্রতিশ্রুতি তাদেরকে দেওয়া হয়েছে। যেদিন দ্রুতবেগে তারা কবর থেকে বের হয়ে আসবে, যেন তারা কোনো লক্ষেযর দিকে ছুটছে অবনত চোখে। লাঞ্ছনা তাদেরকে আচ্ছন্ন করবে! এটিই সেদিন যার ওয়াদা তাদেরকে দেওয়া হয়েছিল"। [সূরা আল-মা'আরিজ, আয়াত: ৪২-৪৪]

Source — https://www.hadithbd.com/books/link/?id=13510